

ম্যানেজিং কমিটি গঠনের দ্বন্দ্ব ভৈরবের একটি স্কুল বন্ধ

■ ভৈরব (কিশোরগঞ্জ) সর্বোদ্যোগ

কিশোরগঞ্জের ভৈরবে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনে আধিপত্য বিস্তার ও দু'গ্রুপের দ্বন্দ্বের কারণে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে একটি বিদ্যালয়। সোমবার থেকে উপজেলার শ্রীনগর উচ্চ বিদ্যালয়টি বন্ধ ঘোষণা করেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক। জানা গেছে, শ্রীনগর এলাকাটি দু'গ্রুপে বিভক্ত। এক গ্রুপের নেতৃত্ব রয়েছে বর্তমান ইউপি চেয়ারম্যান মোশাররফ হোসেন হেলিম ও অন্য গ্রুপে ব্যবসায়ী হাজী ফুল মিয়া পক্ষ নেতৃত্বে আছেন সাবেক ইউপি চেয়ারম্যান, উপজেলা আ'দীপের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট মোস্তাক হোসেন।

গত ২০০৬ সালে হেলিম গ্রুপ ও হাজী ফুল মিয়া গ্রুপ ম্যানেজিং কমিটি নির্বাচনে অংশগ্রহণ করলে হেলিম গ্রুপের প্যানেল জয়ী হয়। কিন্তু আধিপত্য বিস্তারের কারণে যেনে নেয়নি হাজী গ্রুপ। ফলে বাস্তবায়ন হয়নি পূর্ণাঙ্গ বিদ্যালয় পরিচালনা কমিটি। এক পক্ষ অপর পক্ষকে ঘায়েল করতে দায়ের করে মানলা।

ফলে দীর্ঘ ১০ বছরেরও অধিক সময় ধরে বিদ্যালয় পরিচালনা করা হয় এডহক কমিটির মাধ্যমে। বিদ্যালয়টি বন্ধের কথা স্বীকার করে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আলতাফ হোসেন বলেন, শিক্ষকদের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। অভিভাবকরা জানান, দুই গ্রুপের দ্বন্দ্ব ছেলে-মেয়েদের ভবিষ্যৎ অন্ধকারে তলিয়ে যাচ্ছে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জসিম উদ্দিন বলেন, দু'পক্ষের উত্তেজনা বিরাজ করায় স্কুল বন্ধ ঘোষণা করতে বাধ্য হয়েছি।